

(৮) কার্যনির্বাহী কমিটি কর্তৃক সম্পাদিত যাবতীয় কার্য কাউন্সিলের পরবর্তী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করিতে হইবে।

১১। **রেজিস্ট্রার**—(১) কাউন্সিল উহার দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য, সরকারের পূর্বানুমোদনক্রমে, ১ (এক) জন রেজিস্ট্রার নিয়োগ করিবে।

(২) রেজিস্ট্রার কাউন্সিলের প্রধান নির্বাহী হইবেন।

(৩) রেজিস্ট্রারের নিয়োগ ও চাকরির শর্তাবলি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

১২। **কর্মচারী নিয়োগ**—কাউন্সিল উহার দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য, সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো সাপেক্ষে, প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাহাদের চাকরির শর্তাবলি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১৩। **কমিটি গঠন**—এই আইনের উদ্দেশ্য পূরণকালে, কাউন্সিল উহার দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের সুবিধার্থে এক বা একাধিক কমিটি গঠন এবং এইরূপ কমিটির দায়িত্ব ও কার্যাবলি নির্ধারণ করিয়া দিতে পারিবে।

১৪। **কাউন্সিলের স্বীকৃতি ব্যক্তিরেকে ভেটেরিনারি শিক্ষা কার্যক্রম নিয়ন্ত্রণ**—কোনো ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান কাউন্সিলের স্বীকৃতি ব্যক্তিরেকে ভেটেরিনারি শিক্ষা কার্যক্রম গ্রহণ, পাঠ্যসূচি প্রণয়ন, শিক্ষার স্বীকৃতি প্রদান করিবে এবং একদম্সংক্রান্ত কোনো সনদ, ডিগ্রি বা ডিপ্লোমা প্রদান করিবে এবং কোর্স পরিচালনা, প্রশিক্ষণ প্রদান করিবে।

১৫। **ভেটেরিনারি শিক্ষার স্বীকৃতি**—(১) বাংলাদেশে অবস্থিত ভেটেরিনারি শিক্ষা বিষয়ক যোগ্যতার সনদ প্রদানকারী কোনো প্রতিষ্ঠানকে ভেটেরিনারি শিক্ষার স্বীকৃতির জন্য কাউন্সিলের নিকট নির্ধারিত পদ্ধতিতে আবেদন করিতে হইবে।

(২) **উপ-ধারা (১)** এর অধীন আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে কাউন্সিল, এতদুদ্দেশ্যে নির্ধারিত মানদণ্ড ও নীতিমালার আলোকে, প্রার্থিত প্রতিষ্ঠান যোগ্য হইলে উক্ত প্রতিষ্ঠানকে ভেটেরিনারি শিক্ষার স্বীকৃতি প্রদান করিবে এবং অযোগ্য হইলে আবেদনপত্র নামঙ্গল করিয়া ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিত করিবে।

(৩) **উপ-ধারা (২)** এর অধীন কোনো প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হইলে কাউন্সিল উক্ত প্রতিষ্ঠানের নাম, ডিগ্রির নাম এবং স্বীকৃতি প্রদানের তারিখ উল্লেখপূর্বক প্রত্যেক শিক্ষাবর্ষের শুরুতে একটি তালিকা প্রকাশ করিবে।

(৪) **বাংলাদেশের বাহিরে অবস্থিত ভেটেরিনারি শিক্ষা বিষয়ে ডিগ্রি বা ডিপ্লোমাধারী ব্যক্তিকে** এই আইনের অধীনে উক্ত ডিগ্রি বা ডিপ্লোমার স্বীকৃতি অর্জনের লক্ষ্যে কাউন্সিলের নিকট আবেদন করিতে হইবে।

(৫) **উপ-ধারা (৪)** অনুযায়ী বাংলাদেশের বাহিরে অর্জিত ডিগ্রি সংশ্লিষ্ট দেশের কাউন্সিল বা অন্যরূপ সংস্থা কর্তৃক স্বীকৃত হইলে, আবেদনকারী, কাউন্সিল কর্তৃক নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণ করিবে এবং এইরূপ পরীক্ষায় উত্তীর্ণ হইলে কাউন্সিল আবেদনকারীর ডিগ্রির স্বীকৃতি প্রদান করিবে।